# আমাদের গ্রাম ক্যান্সার কেয়ার এন্ড রিসার্চ সেন্টার

ঝনঝনিয়া, রামপাল, বাগেরহাট

## নিয়োগ বিজ্ঞপ্তি

আমাদের গ্রাম ক্যান্সার কেয়ার এন্ড রিসার্চ সেন্টার-এর কার্যক্রম পরিচালনার সুবিধার্থে নিম্নবর্ণিত পদসমূহে যোগ্য প্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে:

১. মেডিকেল এসিস্ট্যান্ট (৪ জন)
(বহির্বিভাগে ২জন এবং নির্ণয় কেন্দ্রে ২জন)

শিক্ষাগত যোগ্যতা:
সরকারি বা সরকার অনুমোদিত ম্যাটস (মেডিক্যাল এসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল) থেকে ‘ডিপ্লোমা ইন মেডিক্যাল এসিস্ট্যান্ট’ উত্তীর্ণ।
বেতন:

- প্রথম এক বছর: নির্ধারিত ১৫,০০০ টাকা।
- দ্বিতীয় বছর থেকে: নির্ধারিত বেতন স্কেল প্রযোজ্য।

২. হেলথ টেকনিশিয়ান (৪ জন)
(ল্যাব টেকনিশিয়ান ২ জন এবং এক্স-রে/ইমেজিং টেকনিশিয়ান ২ জন)

শিক্ষাগত যোগ্যতা:
সরকারি বা সরকার অনুমোদিত আইএইচটি (ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি) থেকে ‘ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজি’ উত্তীর্ণ।
বেতন:

- প্রথম এক বছর: নির্ধারিত ১৫,০০০ টাকা।
- দ্বিতীয় বছর থেকে: নির্ধারিত বেতন স্কেল প্রযোজ্য।

### শর্তাবলী

১। উভয় পদের জন্য বিএমডিসি (বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল) কর্তৃক অনুমোদিত সনদ থাকতে হবে।
২। কম্পিউটার ও স্মার্টফোন ব্যবহারে দক্ষতা আবশ্যক, কারণ প্রার্থীদের কাজের ক্ষেত্রে তথ্য-প্রযুক্তির ব্যাপক ব্যবহার রয়েছে।
৩। বয়সসীমা: সর্বোচ্চ ৩০ বছর।

### অগ্রাধিকার

১। রামপাল উপজেলার স্থায়ী বাসিন্দারা অগ্রাধিকার পাবেন। যোগ্য প্রার্থী না পাওয়া গেলে নিকটবর্তী উপজেলার প্রার্থীদের বিবেচনা করা হবে।
২। নারী প্রার্থী নিয়োগের ক্ষেত্রে ৫০% অনুপাত বজায় রাখা হবে।

### অনুসরণীয় নীতিমালা

আমাদের গ্রাম ক্যান্সার কেয়ার এন্ড রিসার্চ সেন্টার একটি অলাভজনক ও সেবামূলক প্রতিষ্ঠান। বিভিন্ন কার্যক্রমে জনবল নিয়োগের ক্ষেত্রে এই প্রতিষ্ঠান সুনির্দিষ্ট নীতিমালা অনুসরণ করে থাকে। এই নীতিমালার প্রধান বৈশিষ্ট্যগুলো হলো- ১। যে কোন পদপ্রার্থিকে সৎ, সদালাপী, হাস্যোজ্জ্বল, বিনয়ী ও শ্রদ্ধাশীল হতে হবে। ২। কর্মীকে অবশ্যই সেবাদানের মানসিকতাসম্পন্ন দায়ীত্বশীল, ধৈর্যশীল ও সমাজের প্রতি দায়বদ্ধ থাকার নীতি অনুসরণ করতে হবে। ৩। কর্মীকে অবশ্যই অধূমপায়ী ও মাদক বর্জনকারী হতে হবে।

আবেদন প্রক্রিয়া

আপনি যদি উপরোক্ত বৈশিষ্ট্য ও যোগ্যতার অধিকারী হন এবং আমাদের গ্রাম প্রকল্পে কাজ করতে আগ্রহী হন, তবে সাম্প্রতিক তোলা ১ কপি ছবি ও পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিন। আবেদন জমা দেওয়ার মাধ্যম:

- সরাসরি অফিসে উপস্থিত হয়ে।
- অথবা ই-মেইলের মাধ্যমে (agcrc@bfes.net)।

বিশেষ দ্রষ্টব্য:

- তৃতীয় কোনো মাধ্যমে পাঠানো জীবন-বৃত্তান্ত গ্রহণযোগ্য নয়।
- কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

যোগাযোগের ঠিকানা:

আমাদের গ্রাম প্রকল্প
বাংলাদেশ ফ্রেন্ডশীপ এডুকেশন সোসাইটি
শ্রীফলতলা, রামপাল, বাগেরহাট-৯৩৪০
ই-মেইল: agcrc@bfes.net

উল্লেখ্য যে, এই প্রকল্পের নিয়োগে কোন পর্যায়েই কোন প্রকার ফী, পোষ্টাল অর্ডার, জামানত বা অর্থ প্রদান করতে হয় না